রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ১১, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ ডিসেম্বর ২০১৯

নং **২৮.০০.০০০০.০৩৬.১৪.০০১.১৯.২০১**—"আবাসিক পর্যায়ে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট গ্যাস মিটার ক্রয় ও স্থাপন নীতিমালা, ২০১৯" প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হলো।

**"আবাসিক পর্যায়ে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট গ্যাস মিটার ক্রয় ও স্থাপন নীতিমালা, ২০১৯"**

**১. ভূমিকা:**

দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকা শক্তি প্রাথমিক জ্বালানি। চাহিদা মোতাবেক জ্বালানি সরবরাহের পাশাপাশি সরকার জ্বালানির সাশ্রয়ী, দক্ষ, নিরাপদ ও টেকসই ব্যবহার এবং এর গ্রাহকবান্ধব আধুনিক ব্যবস্থাপনার উপর গুরুত্বারোপ করছে। এ লক্ষ্যে বহুমুখী কার্যক্রমের অংশ হিসাবে গ্যাসের সিস্টেম লস হ্রাসকরণ, রাজস্ব আয় বৃদ্ধি, সর্বোপরি গ্যাস সাশ্রয়ের পাশাপাশি গ্রাহকসেবার মানোন্নয়ন এবং জনগণের মধ্যে জ্বালানি সাশ্রয়ের মনোভাব সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপি আবাসিক প্রি-পেইড মিটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে দুটি গ্যাস বিতরণ কোম্পানীর আওতায় প্রায় দুই লক্ষ আবাসিক প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে এবং বর্তমানে আরো প্রি-পেইড মিটার স্থাপন করা হচ্ছে। লক্ষ্য করা গেছে যে, মিটার ব্যবহারের ফলে গ্যাসের অপচয় রোধে গ্রাহক সচেতনতা বৃদ্ধি পায় ও আবাসিক পর্যায়ে গ্যাস সাশ্রয়ের সম্ভাবনা বাড়ে। এছাড়া প্রি-পেইড মিটার ব্যাপকভিত্তিতে চালু হলে সিস্টেমে গ্যাসের সঠিক হিসাব রাখা এবং গ্রাহক পর্যায়ে প্রকৃত ব্যবহার অনুযায়ী বিল আদায় করা সম্ভব। চলমান প্রকল্পের মাধ্যমে আবাসিক প্রি-পেইড মিটার স্থাপনের ফলে গ্রাহকদের মধ্যে



মূল্য : টাকা ১৬.০০

মিটার স্থাপনের উৎসাহ সৃষ্টি হয়েছে। শুধমাত্র সরকারি উদ্যোগে আবাসিক পর্যায়ে সকল গ্রাহকের জন্য গ্যাসের প্রি-পেইড মিটার স্থাপন করা অত্যন্ত সময়সাপেক্ষ। কাজেই সরকারিভাবে মিটার স্থাপনের পাশাপাশি বেসরকারি পর্যায়ে মিটার আমদানী ও উৎপাদন উন্মুক্তকরণ এবং গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে সংগৃহীত মিটার কোম্পানীর ব্যবস্থাপনায় স্থাপন করার মাধ্যমে সমগ্র বিষয়টি ত্বরান্বিত করা সম্ভব বিধায় এ নীতিমালা জারি করা হলো।

**২. শিরোনাম:**

এ নীতিমালা আবাসিক পর্যায়ে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট গ্যাস মিটার ক্রয় ও স্থাপন নীতিমালা, ২০১৯ হিসাবে অভিহিত হবে।

**৩. নীতিমালার উদ্দেশ্য:**

ক. দ্রুত আবাসিক পর্যায়ে গ্যাসের প্রি-পেইড/স্মার্ট মিটারের টেকসই সংযোগ নিশ্চিত করা;

খ. আবাসিক পর্যায়ে গ্যাসের অপচয় ও সিস্টেম লস হ্রাস এবং গ্যাস সাশ্রয়ে গ্রাহক সচেতনতা বৃদ্ধি করা;

গ. গ্যাসের প্রকৃত ব্যবহারের ভিত্তিতে বিলিং ব্যবস্থার মাধ্যমে জ্বালানি সরবরাহ সেবাকে জনবান্ধব করা; এবং

ঘ. মিটার স্থাপনে সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি অংশগ্রহণের সহায়ক পরিবেশ তৈরী করা।

**৪. নীতিমালা প্রণয়নের ভিত্তি ও প্রধান প্রধান বিবেচ্য বিষয়:**

এ নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ২০০৫ সন হতে এ পর্যন্ত আবাসিক পর্যায়ে গ্যাস প্রি-পেইড মিটার স্থাপন সংক্রান্ত সরকারি পর্যায়ে বিভিন্ন উদ্যোগ ও প্রকল্পের অভিজ্ঞতা, গ্রাহকের আগ্রহ ও চাহিদা, গ্রাহক চাহিদা মেটানোর ক্ষেত্রে প্রয়োজনীয় সময় ও বিনিয়োগ বিবেচনা করা হয়েছে। এছাড়া এ মন্ত্রণালয়ের আওতায় বিদ্যুৎ বিভাগ কর্তৃক খোলা বাজার হতে গ্রাহক পর্যায়ে বিদ্যুতের মিটার সংগ্রহের অভিজ্ঞতা, এ বিভাগ কর্তৃক পরিচালিত সার্ভে, স্টেকহোল্ডার মিটিং এবং সর্বোপরি পেট্রোবাংলা কর্তৃক গঠিত এ সংক্রান্ত কারিগরি কমিটির পর্যালোচনা ও সুপারিশ বিবেচনায় নেয়া হয়েছে। নীতিমালায় নিম্নের বিষয়গুলোতে সুনির্দিষ্ট গুরুত্ব প্রদান করা হয়েছে—

ক. প্রি-পেইড মিটারের মান ও কারিগরি স্পেসিফিকেশন;

খ. নির্ধারিত মান ও স্পেসিফিকেশন অনুযায়ী খোলা বাজার হতে সংগৃহীতব্য মিটারের কারিগরি পরীক্ষা;

গ. প্রি-পেইড মিটার ব্যবস্থাপনায় বর্তমানে ব্যবহৃত সফটওয়্যারের সাথে খোলা বাজারের মিটারের কম্প্যাটিবিলিটি এবং ইন্টারফেসিং;

ঘ. ভেন্ডিং অর্থাৎ প্রি-পেইড মিটারের চার্জিং;

ঙ. প্রি-পেইড মিটার স্থাপন ও পরবর্তী গ্রাহকসেবা;

চ. প্রি-পেইড মিটার স্থাপনের এলাকা নির্ধারণ ও ক্রমসম্প্রসারণ;

ছ. প্রয়োজনীয় জনবলের প্রশিক্ষণ;

জ. জনসচেতনতা, প্রচার/প্রচারণা; ইত্যাদি।

**৫. প্রি-পেইড/স্মার্ট মিটারের কারিগরি মান ও স্পেসিফিকেশন:**

ক. পেট্রোবাংলায় মিটারের Standard ও স্পেসিফিকেশন নির্ধারণের জন্য একটি বিশেষজ্ঞ কমিটি এবং মিটার যাচাই-বাছাই এর জন্য একটি কারিগরি কমিটি কাজ করবে।

খ. পেট্রোবাংলার বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে প্রণীত Standard ও কারিগরি স্পেসিফিকেশন অনুযায়ী প্রি-পেইড/স্মার্ট মিটার (সংযুক্তি-‘ক’) ও স্মার্ট কার্ড (সংযুক্তি-‘খ’) গ্রাহক খোলা বাজার হতে সংগ্রহ করবে। পেট্রোবাংলার কারিগরি কমিটি বর্ণিত Standard ও কারিগরি স্পেসিফিকেশন অনুযায়ী সংগৃহীত প্রি-পেইড/স্মার্ট মিটার ও স্মার্ট কার্ড এর কারিগরি মান মুল্যায়ন করবে।

গ. গ্যাস বিতরণ কোম্পানীগুলোতে বর্তমানে ব্যবহৃত প্রি-পেইড মিটারিং ও বিলিং সফটওয়্যারের সাথে এসব মিটার সামঞ্জস্যপূর্ণ (compatible) হতে হবে।

ঘ. মিটারের কারিগরি মান ও স্পেসিফিকেশন চূড়ান্ত করার ক্ষেত্রে পেট্রোবাংলা বিশেষজ্ঞ কমিটির সুপারিশের পাশাপাশি গ্রাহকের দৃষ্টিকোণ থেকে বাজারে মিটারের সহজলভ্যতা, খুচরা মূল্য, টেকসই, বিক্রয়োত্তর সেবা, খুচরা/আনুষাঙ্গিক যন্ত্রাংশের সহজলভ্যতা, কার্যকারিতা, ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করবে।

ঙ. নির্ধারিত বিশেষজ্ঞ কমিটির সহায়তায় পেট্রোবাংলা প্রয়োজন অনুযায়ী প্রি-পেইড/স্মার্ট মিটারের কারিগরি স্পেসিফিকেশন সময়ে সময়ে আপডেট করবে।

চ. আবাসিক পর্যায়ে প্রিপেইড/স্মার্ট গ্যাস মিটার স্থাপনের ক্ষেত্রে সরকারি পর্যায়ে সকল গ্যাস বিতরণ কোম্পানী এবং বেসরকারি পর্যায়ে সকল আমদানীকারক/প্রস্তুতকারী একই কারিগরি মান ও স্পেসিফিকেশন অনুসরণ করবে।

**৬. গ্যাস মিটার আমদানি/প্রস্তুত, ফাংশনালিটি ও ইন্টারফেসিং টেস্ট:**

ক. আগ্রহী যে কোন আমদানিকারক প্রতিষ্ঠান বা মিটার প্রস্তুতকারী দেশী কোম্পানী নিম্নের ‘খ.’ ও ‘ছ.’ এর শর্ত সাপেক্ষে পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশন ও শর্তে পেট্রোবাংলার অনুমতিক্রমে বেসরকারিভাবে গ্যাসের প্রি-পেইড/স্মার্ট মিটার বাজারজাত করতে পারবে;

খ. খোলা বাজারে মিটার সরবরাহে আগ্রহী আমদানীকারক প্রতিষ্ঠান/দেশী মিটার প্রস্তুতকারী সংশ্লিষ্ট মিটারের পেট্রোবাংলার নির্ধারিত মান ও কারিগরি স্পেসিফিকেশন নিশ্চিত করবে;

গ. আমদানীকারক প্রতিষ্ঠান প্রতিটি লটে মিটার আমদানীর পূর্বে নিজ দায়িত্বে মিটারের IFC Standard অনুযায়ী টাইপ টেস্ট, রুটিন টেস্ট ইত্যাদি সম্পন্ন করবে এবং মিটারের কারিগরি স্পেসিফিকেশনের সনদপত্র/প্রতিবেদনসহ মিটার এর নমুনা পেট্রোবাংলায় দাখিল করে আমদানী ও বিক্রয়ের অনুমতির জন্য আবেদন করবে;

ঘ. আমদানীকারক প্রতিষ্ঠান প্রতিটি লট বন্দরে খালাস এর সময় পেট্রোবাংলার প্রতিনিধি/সার্ভেয়ারের উপস্থিতিতে মিটারের নির্ধারিত মান ও কারিগরি স্পেসিফিকেশন নিশ্চিত করবে;

ঙ. প্রস্তুতকারক কোম্পানী মিটার বাজারজাতের পূর্বে প্রতি ব্যাচের ক্ষেত্রে পেট্রোবাংলার প্রতিনিধি/সার্ভেয়ারের উপস্থিতিতে নিজ দায়িত্বে মিটারের IFC Standard অনুযায়ী টাইপ টেস্ট, রুটিন টেস্ট ইত্যাদি সম্পন্ন করবে। অতঃপর মিটারের কারিগরি স্পেসিফিকেশনের সনদপত্র/প্রতিবেদনসহ মিটার এর নমুনা পেট্রোবাংলায় দাখিল করে বিক্রয়ের অনুমতির জন্য আবেদন করবে;

চ. পেট্রোবাংলার কারিগরি কমিটি প্রস্তাবিত মিটারের মান, স্পেসিফিকেশন, সিস্টেম সফটওয়্যারের সাথে সামঞ্জস্যতাসহ মিটারের যাবতীয় কারিগরি উপযুক্ততা যাচাই করবে;

ছ. উক্ত যাচাই কাজের সুবিধার্থে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান নিজ দায়িত্বে কারিগরি কমিটির নিকট মিটারের মান ও স্পেসিফিকেশন পরীক্ষা, প্রি-পেইড মিটারিং সফট্‌ওয়্যারের সাথে নির্ধারিত API এর ভিত্তিতে ইন্টারফেসিং টেস্ট ও ডেমোনেস্ট্রেশন সম্পন্ন করবে;

জ. কারিগরি কমিটি'র সুপারিশের ভিত্তিতে পেট্রোবাংলা উপযুক্ত আমদানীকারক/প্রস্তুতকারক প্রতিষ্ঠানকে নির্ধারিত মিটার আমদানীর/প্রস্তুতপূর্বক খোলা বাজারে বিক্রয়ের অনুমতি প্রদান করবে।

**৭. খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় এবং আবাসিক পর্যায়ে মিটার স্থাপন:**

ক. আবাসিক গ্রাহক খোলা বাজার থেকে নির্ধারিত স্পেসিফিকেশনের উন্নতমানের মিটার ক্রয় করে তা নিজ গৃহে স্থাপন করার জন্য সংশ্লিষ্ট গ্যাস বিতরণ কোম্পানীর নিকট আবেদন করবে। এক্ষেত্রে গ্রাহক—

অ. খোলা বাজার থেকে নির্ধারিত স্পেসিফিকেশনের উন্নতমানের মিটার ক্রয়ের বিষয়টি নিজ দায়িত্বে নিশ্চিত করবে;

আ. মিটার স্থাপনের আবেদনের সাথে ক্রয়কৃত মিটার গ্যাস বিতরণ কোম্পানীর নিকট দাখিল করবে।

খ. আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট গ্যাস বিতরণ কোম্পানী সর্বোচ্চ এক মাসের মধ্যে নিজস্ব টেস্টিং ল্যাবরেটরীতে গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে ক্রয়কৃত মিটারের যথাযথ কার্যকারিতা পরীক্ষা-নিরীক্ষা, গুনগত মান যাচাই ও ইন্টারফেসিং নিশ্চিত করবে। এক্ষেত্রে—

অ. মিটার স্থাপনের ক্ষেত্রে রাইজার মডিফিকেশন, কমন হেডার তৈরী এবং মিটারকে গ্রাহকের অভ্যন্তরীণ লাইনের সাথে স্থাপনসহ কমিশনিং গ্যাস বিপণন নিয়মাবলী অনুযায়ী বিতরণ কোম্পানি কর্তৃক সম্পন্ন করা হবে। এতদ্‌সংক্রান্ত সমুদয় ব্যয় গ্রাহক বহন করবে।

আ. গ্রাহকের অভ্যন্তরীণ লাইনের মডিফিকেশন করার প্রয়োজন হলে তা গ্যাস বিপণন নিয়মাবলী অনুযায়ী কোম্পানির তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে গ্রাহক নিজ দায়িত্বে সম্পন্ন করবে।

**৮. প্রি-পেইড মিটার ভেন্ডিং (চার্জিং/রিচার্জিং), অভিযোগ নিষ্পত্তি এবং বিক্রয়োত্তর সেবা প্রদান:**

ক. গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে ক্রয়কৃত প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটার ব্যবহারের ক্ষেত্রে চার্জিং/রিচার্জিং, অভিযোগ নিষ্পত্তি এবং বিক্রয়োত্তর সেবা নিম্নোল্লিখিত এক বা একাধিক উপায়ে নিশ্চিত করা হবে:

অ. কোম্পানীর নিজস্ব জনবল দ্বারা বিভিন্ন এলাকায় পয়েন্ট অব সেলস্ (পিওএস) স্থাপনের মাধ্যমে;

আ. কোম্পানী কর্তৃক তৃতীয় পক্ষ নিয়োগ করে বা আউটসোর্সিং এর মাধ্যমে;

ই. কোম্পানীর হটলাইন বা গ্রাহকসেবা কেন্দ্রের মাধ্যমে;

ঈ. ব্যাংক অথবা অন্য কোন যুৎসই ব্যবস্থার মাধ্যমে; অথবা

উ. মোবাইল ফোনের Application Software (Apps) এর মাধ্যমে।

খ. প্রতিটি গ্যাস বিতরণ কোম্পানী এ লক্ষ্যে নিজ নিজ কিংবা সমষ্টিগতভাবে বিস্তারিত সাপোর্ট সার্ভিস প্রসিডিউর প্রণয়ন করবে, সময়ে সময়ে তা আপডেট করবে এবং এ বিষয়ে গ্রাহককে অবহিত রাখবে।

গ. প্রি-পেইড মিটারিং সিস্টেম-এ মিটার নষ্ট হলে ঐ সময়ের বিলিং পদ্ধতি, মিটারে বিশেষ নিরাপত্তা সীল সংযোজন, গ্যাস কারচুপি ইত্যাদির ক্ষেত্রে জরিমানা/করণীয়- এক্ষেত্রে মিটারযুক্ত গৃহস্থালী গ্রাহক এর বিদ্যমান বা সময়ে সময়ে পরিবর্তিত গ্যাস বিধিমালা প্রযোজ্য হবে।

**৯. খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহের জন্য এলাকা নির্ধারণ এবং পর্যায়ক্রমিক সম্প্রসারণ :**

ক. যে সকল এলাকায় ইতোমধ্যে প্রি-পেইড মিটার স্থাপন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা হচ্ছে গ্যাস বিতরণ কোম্পানীসমূহ প্রাথমিকভাবে ঐ সকল এলাকায় বা সন্নিহিত এলাকায় বেসরকারি পর্যায়ে মিটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করবে;

খ. বিতরণ কোম্পানীগুলোর কারিগরি ও অবকাঠামোগত সুবিধা অনুযায়ী এ সুবিধা ক্রমান্বয়ে পার্শ্ববর্তী এলাকাসহ দেশের অন্যান্য গ্যাস বিতরণ এলাকায় সম্প্রসারণ করা হবে।

**১০. প্রিপেইড/স্মার্ট মিটার ম্যানেজমেন্ট সিস্টেম:**

প্রিপেইড/স্মার্ট মিটার স্থাপন বিচ্ছিন্নভাবে কেবলমাত্র মিটার ক্রয় এবং স্থাপনের বিষয় নয় বরং নির্দিষ্ট মান ও স্পেসিফিকেশনের মিটার সংগ্রহ, সফটওয়্যারের সাথে এর সমন্বয়, চার্জিং-রিচার্জিং, অভিযোগ নিষ্পত্তি, গ্রাহক সেবা ইত্যাদি যাবতীয় বিষয়ের একটি সমন্বিত ব্যবস্থাপনা হিসাবে বিবেচনা করতে হবে। এ লক্ষ্যে গ্যাস বিতরণ কোম্পানীগুলো কর্তৃক উপযুক্ত সফট্ওয়্যার উন্নয়ন, হালনাগাদকরণ, স্বয়ংক্রিয় প্রি-পেইড মিটারিং ব্যাবস্থাপনা এবং ডাটা সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

**১১. প্রয়োজনীয় জনবল তৈরী/প্রশিক্ষণের ব্যবস্থা:**

প্রি-পেইড মিটারিং কার্যক্রম পরিচালনা ও সংরক্ষণের জন্য কোম্পানীসমূহে নিম্নবর্ণিত বিষয়ে দক্ষ জনবল তৈরী বা বিকল্প সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে:

ক. প্রি-পেইড/স্মার্ট মিটারের মান ও স্পেসিফিকেশন পরীক্ষা-নিরীক্ষা ও ল্যাবরেটরি পরীক্ষা;

খ. প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন;

গ. চার্জিং-রিচার্জিং অপারেশন পরিচালনা;

ঘ. প্রি-পেইড/স্মার্ট মিটার রক্ষণাবেক্ষণ, তদারকি, অভিযোগ নিষ্পত্তি ও গ্রাহক সেবা;

ঙ. প্রি-পেইড/স্মার্ট মিটারিং সফট্ওয়্যার পরিচালনা ও হালনাগাদকরণ, ইত্যাদি।

**১২. প্রচার/প্রচারণা:**

পেট্রোবাংলা ও গ্যাস বিতরণ কোম্পানীসমূহ খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/স্থাপন বিষয়ক নিম্নবর্ণিত তথ্যাদি গ্রাহককে নিজ ওয়েবসাইট ও বিভিন্ন মিডিয়ার মাধ্যমে সর্বোতভাবে অবহিত রাখবে:

অ. প্রি-পেইড/স্মার্ট মিটারের স্পেসিফিকেশন/মান;

আ. অনুমতিপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা;

ই. প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়, স্থাপন, রক্ষণাবেক্ষণ, গ্রাহকসেবা ও অভিযোগ উত্থাপন, করণীয়-বর্জনীয় ইত্যাদি।

১৩. **প্রি-পেইড/স্মার্ট মিটার আমদানীকারক/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের করণীয়:**

ক. প্রি-পেইড/স্মার্ট মিটার খোলা বাজারে বিক্রয়ের অনুমতির জন্য পেট্রোবাংলায় প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন পেশ করবে;

খ. আবেদনপত্রের সাথে আমদানীতব্য অথবা প্রস্তুতকৃত মিটারের নমুনা দাখিল করবে;

গ. পেট্রোবাংলার কারিগরি কমিটির সম্মুখে মিটারের মান ও স্পেসিফিকেশন নিশ্চিত করবে;
ঘ. প্রি-পেইড মিটারিং সফট্ওয়্যার সিস্টেমের সাথে মিটারকে ইন্টারফেস করে ডেমোনেস্ট্রেশন প্রদান;

ঙ. ইউনিক মিটার নম্বর এবং ম্যানুফ্যাকচারিং তারিখ প্রদান করতে হবে;

চ. বাংলা ভাষায় মিটারের ইউজার ম্যানুয়েল প্রণয়ন ও গ্রাহককে প্রদান করবে;

ছ. নির্ধারিত কারিগরি স্পেসিফিকেশন অনুযায়ী মিটারের মান নিশ্চিত করে ওয়ারেন্টি প্রদান করবে। ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে গ্রাহকের ক্রয়কৃত ত্রুটিপূর্ণ মিটারের ক্ষেত্রে অনুচ্ছেদ-১৪ এর 'ঝ'-এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণপূর্বক মূল্য ফেরৎ প্রদান করতে বাধ্য থাকবে মর্মে আমদানীকারক/প্রস্তুতকারক নিশ্চয়তাপত্র প্রদান করবে;

জ. প্রি-পেইড/স্মার্ট মিটার বাজারজাতকরণের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য সরকারি বিধিবিধান পালন করবে।

ঝ. মাষ্টার সার্ভিস কার্ড এর তথ্যাদির গোপনীয়তা এবং সার্বিক নিরাপত্তা বিতরণ কোম্পানি নিশ্চিত করবে। মাষ্টার সার্ভিস কার্ড সংশ্লিষ্ট গ্যাস কোম্পানি ব্যতীত অন্য কারো কাছে প্রদান করা যাবেনা। এ বিষয়টি মিটার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিশ্চিত করতে হবে।

**১৪. গ্যাস বিতরণ কোম্পানীসমূহের করণীয়:**

ক. মিটারের স্পেসিফিকেশন এবং অনুমতিপ্রাপ্ত বেসরকারি প্রতিষ্ঠানের তালিকা প্রচার মাধ্যমে ও সংস্থার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ/প্রচার নিশ্চিত করবে;

খ. নিজ উদ্যোগে এবং নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহক পর্যায়ে মিটার স্থাপন নিশ্চিত করবে;

গ. নিজ টেস্টিং ল্যাবে গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মিটার টেস্ট, কাস্টমাইজেশন এবং ইন্টারফেস করবে;

ঘ. অবকাঠামো উন্নয়নের ভিত্তিতে খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক ক্রয়কৃত প্রি-পেইড মিটার স্থাপনের জন্য এলাকা নির্ধারণ ও এলাকার ক্রমসম্প্রসারণ;

ঙ. সামগ্রিকভাবে প্রিপেইড মিটারিং সিস্টেমের রক্ষণাবেক্ষণ, উন্নয়ন এবং হালনাগাদ রাখা;

চ. কোম্পানীর প্রশিক্ষণ কার্যক্রমে প্রি-পেইড মিটার সংক্রান্ত প্রশিক্ষণের সংস্থান রাখা এবং প্রশিক্ষণের মাধ্যমে প্রতিটি বিক্রয় ও বিতরণ বিভাগে এ সংক্রান্ত প্রয়োজনীয় জনবল গড়ে তোলা;

ছ. প্রি-পেইড/স্মার্ট মিটারের সহজলভ্যতাসহ গ্রাহক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি তদারকি করবে;

জ. গ্রাহক কর্তৃক ক্রয়কৃত প্রি-পেইড মিটার বিতরণ কোম্পানীতে দাখিলের পর পরীক্ষায় স্পেসিফিকেশন এর শর্ত পূরণ না করলে এবং মিটার সফট্ওয়্যারের সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে বিতরণ কোম্পানী গ্রাহককে মিটারসহ Non- Compliance Certificate প্রদান করবে। উক্ত Non-Compliance Certificate প্রদর্শন করা হলে বিক্রেতা গ্রাহককে মিটারের জন্য পরিশোধিত অর্থ নগদে ফেরৎ প্রদান করতে বাধ্য থাকবে;

ঝ. সময়ে সময়ে প্রচার মাধ্যম, ওয়েবেসাইট, সোশ্যাল মিডিয়া, ম্যাসেজিং এর মাধ্যমে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহের বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা এবং করণীয়-বর্জনীয় বিষয়ে অবহিত রাখা।

**১৫. গ্রাহকের করণীয়:**

ক. খোলা বাজার হতে কেবলমাত্র সরকার কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশনের উন্নতমানের প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় নিশ্চিত করা;

খ. মিটার ক্রয়ের সময় বিক্রয়কারীর নিকট হতে মিটার সংশ্লিষ্ট কাগজপত্র, ওয়ারেন্টি, ইউজার ম্যানুয়েল সংগ্রহ ও সংরক্ষণ করা;

গ. ক্রয়কৃত মিটার এবং প্রয়োজনীয় কাগজপত্র গ্যাস বিতরণ কোম্পানীর সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করা;

ঘ. মিটার স্থাপনের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করা এবং মিটার স্থাপনে কোম্পানীকে সহায়তা করা;

ঙ. নিজ চাহিদা অনুযায়ী মিটার চার্জ/রিচার্জ করা;

চ. সরকার বা গ্যাস বিতরণ কোম্পানী কর্তৃক নির্ধারিত শর্ত, বিধি-বিধান পালন করা এবং কোন ফি ধার্য করা হলে তা পরিশোধ করা;

ছ. মিটারের রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করা;

জ. মিটার সংক্রান্ত কোন সেবার প্রয়োজন হলে বা অভিযোগ থাকলে তা কোম্পানীকে অবহিত করা;

ঝ. জ্বালানি সেবা বা মিটার সংক্রান্ত হালনাগাদ তথ্য সম্পর্কে অবহিত থাকতে সরকারি প্রচার-প্রচারণা, ওয়েবসাইট, ইত্যাদি অনুসরণ করা।

**১৬. পেট্রোবাংলার করণীয়:**

ক. বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে প্রি-পেইড/স্মার্ট মিটরের মান ও স্পেসিফিকেশন নির্ধারণ করা;

খ. মিটারের মান, স্পেসিফিকেশন ও ইন্টারফেসিং কারিগরি কমিটির সুপারিশক্রমে অনুমোদন করা;

গ. নির্ধারিত মান ও স্পেসিফিকেশনের মিটার বাজারজাতকরণের জন্য উপযুক্ত আমদানীকারক/প্রস্তুতকারী এর তালিকা অনুমোদন করা;

ঘ. খোলা বাজারে প্রি-পেইড/স্মার্ট মিটারের স্পেসিফিকেশন এবং মান সুরক্ষার তদারকি করা;

ঙ. গ্রাহক স্বার্থ সংরক্ষণ ও মান তদারকি করা;

চ. এ সংক্রান্ত বিষয়ে গ্যাস বিতরণ কোম্পানীসমূহকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা; ইত্যাদি।

**১৭. ব্যাখ্যার অধিকার:**

প্রণীত নীতিমালার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে সেক্ষেত্রে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

**সংযুক্তি- "ক"**

**Technical Specification of Prepaid Meter**

The meters will be used for fiscal measurement of natural gas in Bangladesh or, in the future of re-gasified LNG and are generally designed in accordance with EN 1359/OIML 137. The approximate specific gravity of the gas is about 0.6 and may contain small quantities of dust (particle size < 5 micron), condensate (< 2 gallon per MMSCF gas) or water (< 7 pounds per MMSCF gas). This data applies at high pressure in upstream transmission pipelines.

The meters shall principally be designed for residential use and pre-payment of specified gas quantities. They are to be suitable for Chittagong environmental conditions, installed either indoors or outside and should be constructed from well proven components, including:

| Parameter | Requirement |
|---|---|
| Brand/Make | To be provided by the manufacturer |
| Country of Origin | To be provided by the manufacturer |
| Gas Meter | Diaphragm G 1.6/ G 2.5 |
| Measurement system | Diaphragm, calibrated, certified |
| Application | Natural gas |
| Meter casing: | rugged, fire resistant, earthquake and tamper proof; |
| Meter casing material | Diecast aluminium/Steel |
| Operating temperatures | 0 to 60 deg C |
| Storage temperatures | -10 to 70 deg C |
| Typical flow range: | 0.016 to 2.5 $m^3/h$ ($Q_{min}$-$Q_{max}$)/ 0.025 to 4 $m^3/h$ ($Q_{min}$-$Q_{max}$)/ |
| Permissible error | 1.5% within 0.1 – 1.0 $Q_{max}$/ 3% within $Q_{min}$ to 0.1$Q_{max}$ |
| MAOP | 300 mbar |
| Shut-off valve | Integrated, operating automatically at expiry of credit, seismic shut-off function and safety alarms: low system pressures, access flow and tampering; maximum pressure loss |
| IP rating | minimum IP 65 |
| Design life | 20 years |
| Maximum pressure drop at maximum flow | 2.0 mbar |
| Flow direction | From left to right when observed from index direction |
| Backstop device | to ensure unidirectional, and totally stop reverse, flow |

| Parameter | Requirement |
|---|---|
| Connection size | ¾” male NPT thread with female spud/union |
| Marking | Manufacturer’s name, trade mark, model, G-rating, unique serial number, MAOP printed on index plate, flow direction and country of origin. |
| Sealing | index and other parts of the meter to be sealed with lead or other suitable metals, embossed with manufacturer’s trade mark to avoid unauthorized tampering |
| Type-examination Certificate | Type approval from PTB/NMi/JIS for current compliance with EN 1359 and OIML R137. |
| Design and manufacturing quality assurance | ISO 9001, ISO 14001 |
| Calibration Certificate | Manufacturer’s valid factory calibration certificate to be supplied at time of delivery for each meter. The test equipment, its reference testing and calibration procedure must be certified by a reputable quality assurance organisation. |
| Warranty | Three year manufacturing and installation warranty for all components from date of Completion Certificate after installation and testing of the entire system at Employer’s and customers’ sites. |
| **Communications Module** | |
| Communication system | bi-directional, contactless IC card and smart phone capable |
| Data logging system; | tamper proof, capable of storing hourly readings for one year |
| Display | liquid crystal display (LCD) for credit and operational information. |
| Credit alarms | two weeks prior to credit limit on average gas consumption, |
| Valve activation; | automatic closure and consumer initiated opening after credit transfer, fail-safe shut-down prior to loss of battery power |
| Batteries | Replaceable by Employer |
| Battery technology | Generally traded, non-rechargeable Li- batteries; |
| Battery life: | 10 years at monthly (average) communications of daily readings. |
| Electronics | Intrinsic safety EEX ia IIA T3 or equivalent |

সংযুক্তি-“খ”

**Smart cards (Contactless)**

**General**

- Smart cards shall be contactless the card logical structure (files and data elements), various commands used by the application programming interface for basic use, application management, biometric verification, cryptographic services and application naming shall conform with ISO/IEC 7816, ISO/IEC 14443, ISO/IEC 18092 and ISO/IEC 15693.
- Smart cards memory for applications with gas meter shall conform to (ISO/IEC 14443 and ISO/IEC 15693).
- Smart cards Card Specification, the following listed below shall be defined by the Contractor in the bid:

1) Smart cards specification
2) Application software specification
3) Physical characteristics (ISO/IEC 14443 and ISO/IEC 18092)
4) Design and use of Smart/Memory Card (ISO/IEC 14443 and ISO/IEC 18092)
5) Electronic signal and transmission protocol
6) Smart Card Electrical Characteristics (i.e.Power supply, Ground or reference voltage, Clock, Programming voltage, Reset signal, I/O Serial Input / Output)
7) Communication Protocols (Type and Mode of Operation. Reference Standard ISO/IEC 14443 and ISO/IEC 18092)
8) Smart Card Security
9) Smart Card Evaluation Configuration
10) Smart Card Security Life Cycle
11) Electronic Purse
12) Security and the Electronic Purse
13) Standard Payment Transaction
14) Smart Card Key Management
15) Smart Card Memories
16) Smart Card Reliability
17) Smart Card Performance
18) Smart Card shall be pre-printed 4 colour print with gold powder effect
19) Smart Card shall have unique serial number printed both in number and bar code.

- Smart cards shall be "open standards", the architecture and a set of application program interfaces that enable application developers and service providers to build and deploy smart card solutions on any Open Card-Compliant network computer. Smart cards parameters and Employer future requirements are, but not limited to, as follows:

    1) With a minimum of 6K Bytes non-volatile memory;
    2) Protected by security;
    3) Employer ID for logging and accessing;
    4) Customer ID for charging or reverse charging (eliminating the last purchase credit);
    5) Replacement of card when customer loses its card;
    6) Refunding if the customer has remaining credit when closing accounts;
    7) Tamper protected with tamper download (record tamper information) and tamper reset.

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd